

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৪১

খোয়াই, ২১ ডিসেম্বর, ২০২৪

প্রশাসন গাঁও কি ওর
লক্ষ্মীনারায়ণপুর গ্রাম পঞ্চায়েতে বিশেষ শিবির

প্রশাসন গাঁও কি ওর কর্মসূচিতে গতকাল খোয়াই রাজ্যের লক্ষ্মীনারায়ণপুর গ্রাম পঞ্চায়েতের গৌরাঙ্গটিলা উচ্চবিদ্যালয়ে এক বিশেষ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন খোয়াই মহকুমার মহকুমা শাসক চারু ভার্মা, খোয়াই রাজ্যের বিডিও অভিজিৎ দাস, লক্ষ্মীনারায়ণপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান মনোজ দেব এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। শিবিরে মহকুমা প্রশাসন ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ সরকারি প্রকল্প ও পরিষেবা নিয়ে স্থানীয় জনগণের সাথে মতবিনিময় করেন। শিবিরে মহকুমা প্রশাসন থেকে ১৭টি পিআরটিসি, ৮টি এসটি, ১২টি এসসি, ৬টি ওবিসি ও ৪টি ইনকাম সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়াও শিবিরে ২৪টি আধার কার্ড আপডেট করা হয়। শিবিরে স্বাস্থ্য দপ্তর থেকে স্বাস্থ্য শিবির ও প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে প্রাণী চিকিৎসা শিবিরের আয়োজন করা হয়।
